তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা

দৈনিক
আমাদের সময়

# বিডিএস ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ●

ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি (বিডিএস) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রাকাশিত হয়েছে। গতকাল শনিবার বিকাল সাড়ে ৪টায় এ ফল প্রকাশ হয় বলে জানিয়েছেন ।। অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ। তিনি জানান, গত শুক্রবার সকালে সারা দেশে পাঁচটি কেন্দ্রে বিডিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ পরীক্ষায় অংশ নিতে ২২ হাজার ৩৫৫ জন শিক্ষার্থী আবেদন করলেও ১৯ হাজার ৭০২ জন পরীক্ষায় অংশ নেন। তাদের মধ্যে ১৩ হাজার ১৭০ জন উত্তীর্ণ হয়েছেন। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.dghs.gov.bd) থেকে পরীক্ষার এরপর পৃষ্ঠা ৯, কলাম ২

## বিডিএস ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

(শেষ পৃষ্ঠার পর) ফল জানা যাবে।স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. আব্দুর রশীদ সাংবাদিকদের জানান, দেশে বর্তমানে সরকারি ৯টি (একটি ডেন্টাল কলেজ ও আটটি ইউনিট) ও বেসরকারি ২৪টিসহ মোট ডেন্টাল কলেজ ও ইউনিটের সংখ্যা ৩৩টি। এসব ইউনিটের আসন সংখ্যা ১ হাজার ৯১৭টি। সরকারি কলেজ ও ডেন্টাল ইউনিটে আসন সংখ্যা ৫৩২টি এবং বেসরকারি ডেন্টাল কলেজগুলোর আসন সংখ্যা ১ হাজার ৩৮৫টি।